

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭১০৮৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

স্থপতি ও কবি রবিউল হুসাইন এর মৃত্যুতে জাবি উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৭ নভেম্বর ২০১৯।

একুশে পদক বিজয়ী কবি ও স্থপতি রবিউল হুসাইন-এর মৃত্যুতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, স্থপতি রবিউল হুসাইনের সঙ্গে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবিচ্ছেদ্য সম্পর্ক রয়েছে। তিনি এ বিশ্ববিদ্যালয়ের শুরু থেকে ভৌত অবকাঠামোগত উন্নয়নে নিবিড়ভাবে কাজ করেছেন। তিনি বিভিন্ন স্থাপনার ডিজাইন এঁকে এ বিশ্ববিদ্যালয়ের নান্দনিকতা সমৃদ্ধ করেছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করে।

উপাচার্য প্রয়াত স্থপতি রবিউল হুসাইনের আত্মার শান্তি কামনা করেন এবং তার পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

S.M.A
মো. আবদুস সালাম মিএও
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়